


## শুভ বর্নী অরোপা ও অপলা'র জন্য শুভ কামনা!



শুভ ও বর্নী, ওরা নুতন দম্পতি। হাসি-খুশী, প্রানোচ্ছল। উজ্জল ভবিষ্যতের স্বপ্নে বাসা বেধেছে সিডনির ম্যাকুয়ারী ফিল্ডে। দু'বছর আগে বাড়ি আলোকিত করে ওদের সংসারে জন্ম নিলো জমজ বোন অরোপা ও অপলা। ভরে উঠলো ওদের জীবন দু'বোনের কলতানে। ওদের সাথে আমাদের সখ্যতা বেশী দিনের নয়। “শুভ” যার আসল নাম ফাইসাল খালিদ, সে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভাইস চ্যান্সেলার ড: আব্দুল খালেক সাহেবের একমাত্র পুত্র। সম্প্রতি ওদের সংসারে নেমে এসেছে কালো মেঘের ছায়া। শুভের যমজ কন্যার একজন অরোপা'র কিডনির সমস্যা দেখা দিয়েছে। অনেক চেষ্টার পর আগামী কাল (১৬/৬/২০১১) ওয়েস্টমিড হসপিটাল এবং ওয়েস্টমিড চিল্ড্রেন হসপিটাল - পাশাপাশি দুই হসপিটালে একটানা ৫/৬ ঘন্টা অপারেশন প্রক্রিয়ায় বাবা ও মেয়ের কিডনি ট্রান্সপ্লান্ট করা হবে।



বাবা মেয়েকে কিডনি দেবে - কথাটা শুনতে খুবই সহজ ও গতানুগতিক মনে হতে পারে কিন্তু কাছ থেকে দেখলে বোঝা যায় এই আত্মত্যাগের মাহত্ব এবং অনুভূতির গভীরতা। আর এ কাজটি করতে যাচ্ছে- আমাদের অতি পরিচিত, রাজশাহী বিশ্ববিদ্যালয় চত্বরে শৈশব কৈশর পেড়িয়ে বেড়ে ওঠা যুবক - আজকের বাবা - ফয়সল খালিদ শুভ। আমরা যারা তার আশেপাশে থাকি অথবা চিনি - আজ এ সময় কোন আর্থিক সহায়তা নয় - শুধু মানুষিক ভাবে যদি একটু পাশে থাকি এবং সৃষ্টিকর্তার কাছে দোয়া করি - সেই কামনায় আমার এ লেখা। শুভ ও বর্নী'র মোবাইল নং ০৪২৫২৮২০৯৪ ইমেল [shubo1999@yahoo.com](mailto:shubo1999@yahoo.com) । অপারেশনের পরে এস এম এস, ইমেল বা ফোন করার জন্য অনুরোধ করছি। ওদের খোজ খবরের জন্য আমার সাথেও যোগাযোগ করতে পারেন। আমার মোবাইল ০৪২১৩০৬০৬৯ এবং ইমেল [taruislam@yahoo.com.au](mailto:taruislam@yahoo.com.au) ।

বাবা ও মেয়ে যেন সুস্বাস্থ্য নিয়ে আমাদের কাছে ফিরে আসে এই কামনা করে শেষ করছি -

তরু ইসলাম

ম্যাকুয়ারী ফিল্ড - সিডনি।